

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৮৫

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৬. ইমামতির জন্য যোগ্য ব্যাক্তি সম্পর্কে।

باب مَنْ أَحَقُّ بِالإِمَامَةِ

আরবী

حَدَّتَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّتَنَا حَمَّادٌ، أَخْبَرَنَا أَيُّوبُ، عَنْ عَمْرِو بْنِ سَلِمَة، قَالَ كُنَّا بِحَاضِرٍ يَمُرُ بِنَا النَّاسُ إِذَا أَتَوُا النَّبِيَّ صلى الله عليه وسلم فَكَانُوا إِذَا رَجَعُوا مَرُّوا بِنَا فَأَخْبَرُونَا أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ كَذَا وَكَذَا وَكُنْتُ غُلاَمًا حَافِظًا فَحَفِظْتُ مِنْ ذَلِكَ قُرْآنًا كَثِيرًا فَانْطَلَقَ أَبِي وَافِدًا إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَكَانُونُ وَكُنْتُ أَقْرَأُهُمْ لِمَا كُنْتُ فِي نَفَرٍ مِنْ قَوْمِهِ فَعَلَّمَهُمُ الصَّلاَةَ فَقَالَ " يَؤُمُّكُمْ أَقْرَؤُكُمْ " . وَكُنْتُ أَقْرَأُهُمْ لِمَا كُنْتُ أَحْفَظُ فَقَدَّمُونِي فَكُنْتُ أَوْمُهُمُ الصَّلاَةَ فَقَالَ " يَؤُمُّكُمْ أَقْرَؤُكُمْ " . وَكُنْتُ أَقْرَأُهُمْ لِمَا كُنْتُ أَحْفَظُ فَقَدَّمُونِي فَكُنْتُ أَوْمُهُمُ وَعَلَىَّ بُرْدَةً لِي صَغِيرَةً صَغَرْاءُ فَكُنْتُ إِذَا سَجَدْتُ تَكَشَّفَتْ عَرْرَةً فَقَالَتِ امْرَأَةٌ مِنَ النِسَاءِ وَارُوا عَنَا عَوْرَةَ قَارِئِكُمْ . فَاشْتَرَوْا لِي قَمِيصًا عُمَانِيًّا فَمَا غَرِي فَوْمِهِ سِنِينَ أَوْ ثَمَانِ سِنِينَ . فَرَحِي بِهِ فَكُنْتُ أَوَّمُهُمْ وَأُنَا ابْنُ سَبْعِ سِنِينَ أَوْ تُمَانِ سِنِينَ . فَرَحِي بِهِ فَكُنْتُ أَوقُمُهُمْ وَأُنَا ابْنُ سَبْعِ سِنِينَ أَوْ تُمَانِ سِنِينَ . فَرَحَي بِهِ فَكُنْتُ أَوَّمُهُمْ وَأُنَا ابْنُ سَبْعِ سِنِينَ أَوْ تُمَانِ سِنِينَ . .

বাংলা

৮৮৫. মূসা ইবনু ইসমাঈল আমর ইবনু সালামা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা লোকজনের সমবেত কেন্দ্রে উপস্থিত ছিলাম। এ সময় এক প্রতিনিধি দল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আগমন করে। তাঁরা প্রত্যাবর্তনের সময় আমাদের পাশ দিয়ে গমনকালে বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এইরূপ বলেছেন। রাবী বলেন, এ সময় আমার বয়স কম ছিল এবং স্মরণশক্তি ছিল প্রখর। ফলে এ সময়ে আমি কুরআনের অনেকাংশ কণ্ঠস্থ করে ফেলি।

রাবী বলেন, একদা আমার পিতা তাঁর গোত্রের প্রতিনিধি হিসেবে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের নিকট যান। তখন তিনি তাদেরকে নামাযের নিয়ম-কানুন শিক্ষা দেন এবং এ কথাও বলেন যে, তোমাদের মধ্যে যার অধিক কুরআন মুখস্ত আছে- সে যেন ইমামতি করে। আমি অধিক কুরআন মুখস্থকারী ও বিশুদ্ধরূপে পাঠকারী হিসেবে তারা আমাকেই ইমামতির দায়িত্ব প্রদান করেন।

অতঃপর আমি তাদের ইমামতি করতে থাকি। এ সময় আমার গায়ে হলুদ বর্ণের একটি ছোট চাঁদর ছিল।



নামাযের সময় যখন আমি সিজদায় যেতাম তখন তা খুলে যেত। মহিলাদের মধ্যে একজন বলেন, তোমরা তোমাদের ইমামের সতর ঢাকার ব্যাবস্থা কর। অতঃপর তারা আমার জন্য একটি ইয়ামন দেশীয় জামা খরিদ করেন; ষার ফলে ইসলাম গ্রহণের পর আমি এর চাইতে অধিক খুশী আর হই নাই। আমি এমন সময় হতে তাদের ইমামতি করতে আরম্ভ করি যখন আমার বয়স ছিল মাত্র ৭ বা ৮ বছর। (বুখারী, নাসঈ)।

English

'Amr b. Salamah said; we lived at a place where the people would pass by us when they came to the prophet (**). When they returned they would again pass by us. And they used to inform us that the Messenger of Allah (**) said so -and-so. I was a boy with a good memory. From the(process) I memorized a large portion of the Qur'an. Then my father went to the Messenger of Allah(**) along with a group of his clan. He (the Prophet) taught them prayer. And he said:

The one of you who knows most of the Qur'an should act as your imam. I knew the Qur'an better than most of them because I had memorized it. They, therefore, put me in front of them, and I would lead them in prayer. I wore a small yellow mantle which, when I prostrated myself, went up on me, and a woman of the clan said: Cover the back side of your leader from us. So they bought an 'Ammani shirt for me, and I have never been so pleased about anything after embracing Islam as I was about that (shirt). I used to lead them in prayer and I was only seven or eight year old.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আমর ইবন সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন